# হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ যিয়ারতে মদিনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

যিয়ারতে শুহাদায়ে উহুদ

হিজরি দ্বিতীয় সালে উহুদযুদ্ধে যারা শহীদ হয়েছেন হামযা (রাঃ) সহ তাঁদের অনেকেই উহুদ প্রান্তরেই শায়িত আছেন। তাদের কবর যিয়ারত করা শরিয়তসম্মত। যিয়ারতের উদ্দেশ্য তাঁদের জন্য দোয়া করা, তাঁদের জন্য আল্লাহর রহমত কামনা করা। জান্নাতুল বাকি যিয়ারতের সময় যে দোয়া পড়তে হয় সে দোয়া পড়েই যিয়ারত করবেন। যে কোনো দিন শুহাদায়ে উহুদের যিয়ারত করা যেতে পারে। বৃহস্পতিবার অথবা শুক্রবার নির্দিষ্ট করার বিষয়ে কোনো প্রমাণ নেই।

উল্লেখিত জায়গাসমূহ ব্যতীত অন্যান্য জায়গা যিয়ারতের কোনো বিধান নেই। সুন্নত অথবা মুস্তাহাব মনে করে যদি কেউ সেসব জায়গা যিয়ারত করতে যায় তবে শরিয়তের দৃষ্টিতে তা বেদআত হবে। হাঁ যদি কেবলই দেখার উদ্দেশ্য হয়, ছোয়াব ইবাদত ও বরকত অর্জনের কোনো নিয়ত না থাকে, তবে কোনো অসুবিধা নেই। মদিনার কিছু কূপ রয়েছে যেগুলোর পানি তাবারুক হিসেবে নিয়ে আসার ব্যাপারে যে একটি কথা আছে তারও কোনো ভিত্তি নেই। কেননা সাহাবায়ে কেরামের কেউই দূরদূরান্তে যাওয়ার সময় কোনো পানি সঙ্গে করে নিয়ে গিয়েছেন বলে কোনো প্রমাণ নেই। নিরাময়ের মাটিও সঙ্গে নেয়ার কোনো প্রমাণ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=3552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন